# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭৪৮

৪৬/ কিতাবুল আদব (كتاب الأدب عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সালাতে হাই আসে শয়তানের পক্ষ থেকে।

بَابُ مَا جَاءَ أَنَّ الْعُطَاسَ فِي الصَّلاَةِ مِنَ الشَّيْطَانِ

---

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، أَخْبَرَنَا شَرِيكٌ، عَنْ أَبِي الْيَقْظَانِ، عَنْ عَدِيِّ بْنِ ثَابِتٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، رَفَعَهُ قَالَ " الْعُطَاسُ وَالنُّعَاسُ وَالتَّثَاؤُبُ فِي الصَّلاَةِ وَالْحَيْضُ وَالْقَىْءُ وَالرُّعَافُ مِنَ الشَّيْطَانِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ شَرِيكٍ عَنْ أَبِي الْيَقْظَانِ . قَالَ وَسَأَلْتُ مُحَمَّدَ بْنَ إِسْمَاعِيلَ عَنْ عَدِيِّ بْنِ ثَابِتٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ قُلْتُ لَهُ مَا اسْمُ جَدِّ عَدِيٍّ قَالَ لاَ أَدْرِي . وَذُكِرَ عَنْ يَحْيَى بْنِ مَعِينٍ قَالَ اسْمُهُ دِينَارٌ .

বাংলা

২৭৪৮. আলী ইবন হুজর (রহঃ) ..... আদী ইবন ছাবিত তাঁর পিতা তাঁর পিতামহ থেকে মারফূ’রূপে বর্ণিত আছে যে, সালাতে হাঁচি আসা, নিদ্রা আসা, হাই আসা আর হায়য, বমি ও নাক দিয়ে রক্ত পড়া শয়তানের পক্ষ থেকে। যঈফ, মিশকাত ৯৯৯, তিরমিজী হাদিস নম্বরঃ ২৭৪৮ [আল মাদানী প্রকাশনী]

এই হাদীসটি গারীব। শারীক-আবুল ইয়াকযান (রহঃ) এর সূত্র ছাড়া এটি সম্পর্কে আমাদের কিছু জানা নেই। মুহাম্মাদ ইবন ইসমাঈল বুখারী (রহঃ)-কে আমি আদী ইবন ছাবিত-তৎপিতা-তৎপিতামহ সনদটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। বলেছিলাম, আদী (রহঃ) এর পিতামহের নাম কি? তিনি বললেনঃ আমি জানি না। ইয়াহ্ইয়া ইবন মা’ঈন (রহঃ) এর বরাতে উল্লেখ করা হয় যে, তিনি বলেছেনঃ তার নাম দীনার।

## English

Narrated Abu Yaqzan:
from 'Adi - and he is Ibn Thabit - from his father, from his grandfather - [from the Prophet (ﷺ)]: "Sneezing, dozing and yawning during Salat, and

menstruation, regurgitation and nosebleeds are from Ash-Shaitan."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আদী ইবন সাবিত (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38100

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন